**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 25–03–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) নির্বাচন কমিশন আসন্ন লোকসভা ও বিধানসভা নির্বাচনের সময় পরিবেশকে নির্মল রাখার উপর গুরুত্ব আরোপ করেছে ।**

**(২) লোকসভা নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে রাজ্যে আরো ৩০ কোম্পানি কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনী আসছে ।**

**(৩) আজ দোল পূর্নিমা। রং-এর উৎসব হোলি। রাজ্যেও চিরাচরিত ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্যে দিয়ে এই উৎসব উদযাপিত হচ্ছে।**

**(৪) কৃষি অধিকর্তা জানিয়েছেন, রাজ্যে সাম্প্রতিক ঝড়ে কৃষিক্ষেত্রে ক্ষয়ক্ষতি নিরুপনের কাজ আগামীকাল শেষ হবে ।**

****************************************

**ECI :**

নির্বাচন কমিশন আসন্ন লোকসভা ও বিধানসভা নির্বাচনের সময় পরিবেশকে নির্মল রাখার উপর গুরুত্ব আরোপ করেছে। ভোটার তালিকা ও নির্বাচনী উপকরণে কাগজের ব্যবহার কম করতে

নির্বাচনী আয়োজক, ব্যবস্থাপক ও রাজনৈতিক দলগুলোকে নির্দেশ দিয়েছে কমিশন। ইবুক এবং ই-ডকুমেন্টস ব্যবহারের উপর জোর দিয়েছে কমিশন।

একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক সম্পূর্ণরূপে এড়াতে এবং সঠিকভাবে বর্জ্য সংগ্রহ, পরিবহনের জন্য পরিবেশ বান্ধব যানবাহনের প্রচারের পাশাপাশি ভোটের সময় কারপুলিং এবং গণপরিবহনের কথাও বলা হয়েছে।

প্রচার কাজে পুনর্ব্যবহার যোগ্য শক্তি ব্যবহারে উৎসাহিত করতে রাজনৈতিক দলগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে। তাছাড়া কর্মকর্তা ও ভোটারদের যাতায়াতের দূরত্ব কমাতে ভোট কেন্দ্রগুলিকে একত্রীভূত করার নির্দেশও দেওয়া হয়েছে।

*****************************

**Loksabha Election-Unakoti :**

আসন্ন অষ্টাদশ লোকসভা নির্বাচনকে শান্তিপূর্ণ করতে ঊনকোটি জেলাতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করেছে পুলিশ প্রশাসন, বলে জানিয়েছেন, জেলার অতিরিক্ত পুলিশ সুপার ভি, ডার্লং।

জেলায় ২৬ জন পুলিশ সেক্টর অফিসার নিযুক্ত করা হয়েছে। তেরোটি স্থানে নাকা পয়েন্ট হয়েছে এবং নিয়মিত চেকিং প্রক্রিয়া চলেছে।

এখন পর্যন্ত পাঁচ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী ঊনকোটি জেলাতে এসেছে। জেলার থানাগুলি থেকে ভ্রাম্যমান টহলদারি বাড়ানো হয়েছে।

উল্লেখ্য যে, ঊনকোটি জেলার ২২৫টি পোলিং বুথের মধ্যে ২৫টি বুথ স্পর্শকাতর।

**************************

**Control Room-Kumarghat :**

আসন্ন লোকসভা নির্বাচনকে সামনে রেখে ঊনকোটি জেলার কুমারঘাট S.D.M অফিসে দিবারাত্রির জন্য একটি কন্ট্রোল রুম চালু করা হয়েছে। এর টেলিফোন নম্বর - 03824-291450

পূর্ব ত্রিপুরা সংসদীয় আসনের সহকারী রিটার্নিং অফিসার তথা কুমারঘাটের মহকুমা শাসক এন,এস চাকমা জানান, মহকুমায় ছয়টি ফ্লায়িং স্কোয়াড বর্তমানে কাজ করছে।

তিনি জানান, আগামী সাতাশে মার্চ ভোটকর্মীদের প্রথম পর্যায়ের প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। মহকুমার তিনটি স্থান যথাক্রমে পঞ্চায়েতীরাজ ট্রেনিং ইনস্টিটিউট, মানসী মিলনায়তন ও পঞ্চায়েত সমিতি হলে প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হবে।

অবাধ সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন পর্ব সম্পন্ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে বলে তিনি জানান।

**************************

**Recover :**

গন্ডাতুইসা থানার ওসি পলাশ দত্ত জানিয়েছেন, আজ সকালে ডম্বুর জলাশয় থেকে নিখোঁজ মৎস্যজীবি সঞ্জীত নন্দীর মৃতদেহ এন.ডি.আর.এফ কর্মীরা উদ্ধার করে। উল্লেখ্য, এর আগে গতকাল ডম্বুর জলাশয় থেকে ৩ জন মৎস্যজীবির মৃতদেহ উদ্ধার করা হয়েছিল।

***************************

**Election, Force :**

আসন্ন লোকসভা নির্বাচন এবং রামনগর কেন্দ্রের উপনির্বাচন সুষ্ঠুভাবে এবং শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে রাজ্যে আরো ৩০ কোম্পানি নিরাপত্তা বাহিনী আনা হচ্ছে। আগামী মাসের প্রথম সপ্তাহে এই বাহিনী এসে পৌঁছোবে বলে পুলিশ সদর দপ্তর সূত্রে জানা গেছে। ইতিমধ্যে রাজ্যে সত্তর কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এসেছে। এদের মধ্যে বিএসএফ এবং সিআরপিএফ রয়েছে। পশ্চিম জেলায় বর্তমানে ১৪ কোম্পানি কেন্দ্রীয় বাহিনীকে মোতায়েন করা হয়েছে। অতিরিক্ত ৩০ কোম্পানি এলে পশ্চিম জেলায় আরও বাহিনী মোতায়ন করা হবে বলে জানা গেছে।

*************************

**Coordination meeting :**

লোকসভা নির্বাচনকে সামনে রেখে আজ আগরতলায় বিজেপি, আই.পি.এফ.টি ও তিপরা মথা দলের সমন্বয় কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য, তিপ্রা মথা দলের প্রশাসনিক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান প্রদ্যোৎ কিশোর দেববর্মা, পশ্চিম ত্রিপুরা আসনের বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেব ও পূর্ব ত্রিপুরা আসনের প্রার্থী কৃতি সিং দেব্বর্মা।

*****************************

**CM, Bamutia :**

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেবের সমর্থনে আজ বামুটিয়া বিধানসভা এলাকায় বাড়ি বাড়ি প্রচার কর্মসূচির সূচনা করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডক্টর মানিক সাহা। আজ সকালে নবগ্রাম এলাকা থেকে এই কর্মসূচির সূচনা করেন তিনি।

*************************

**CM Barjala Mandal :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার লঙ্কামুড়া কমিউনিটি হলে এলাকার প্রবীণ বিজেপি কার্যকর্তাদের সঙ্গে মত বিনিময় করেন। উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক ডাঃ দীলিপ দাস, পশ্চিম জেলার জিলা পরিষদের সভাধিপতি হরিদুলাল আচার্য।

*****************************

**Bar election result :**

গতকাল ত্রিপুরা বার অ্যাসোসিয়েশনের নির্বাচনে ১৭ জনের নতুন কমিটি গঠিত হয়েছে। সভাপতি পদে মৃণাল কান্তি বিশ্বাস এবং সম্পাদক পদে কৌশিক ইন্দু নির্বাচিত হয়েছেন।

*******************************

**Holi Festival :**

আজ দোল পূর্নিমা। রং-এর উৎসব হোলি। প্রেমাবতার ভগবান শ্রীকৃষ্ণ চৈতন্য মহাপ্রভুর আবির্ভাব তিথি। রাজ্যেও চিরাচরিত ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্যে দিয়ে এই উৎসব উদযাপিত হচ্ছে। দোল পূর্নিমা উপলক্ষে আগরতলার জগন্নাথ জিউ মন্দির, ইসকন

মন্দির, লক্ষ্মীনারায়ণ বাড়ি, শ্রী কৃষ্ণ মন্দির প্রভৃতি দেবালয়ে বিশেষ পুজার আয়োজন করা হয়েছে। দোল পূর্নিমা উপলক্ষে আগরতলার সেন্ট্রাল রোড শিববাড়ি প্রাঙ্গন থেকে শ্রী শ্রী হরিভক্তি প্রচারিনীসভার উদ্যোগে গতকাল রাতে ট্যাবলু সহ বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয়। বিভিন্ন দোকান নানা রঙ্গের আবির, পিচকিরি ও অন্যান্য উপকরণে সেজে উঠেছে। রাজ্যের নানা জায়গায় বসন্ত উৎসব পালিত হচ্ছে।

ধর্মনগরেও পালিত হচ্ছে দোল উৎসব। ধর্মনগর শহরে শান্তিনিকেতনের আদলে খোলামেলা পরিবেশে কচিকাঁচা আবাল বৃদ্ধ বণিতা সবাই দোল উৎসবে মেতে উঠেছে।

*******************************

**Holi Utsav-Raj Bhawan :**

আজ আগরতলায় রাজভবনেও রঙের উৎসব হোলি উচ্ছ্বাস ও উদ্দীপনার মধ্য দিয়ে পালন করা হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বিশেষভাবে সক্ষম শিশু, ইসকনের সাধুগণ, সমাজসেবী, রাজভবনের আধিকারিক ও কর্মীগণের সঙ্গে হোলি উৎসবে সামিল হন। হোলি উৎসব উপলক্ষে তথ্য ও সংস্কৃতি দপ্তর রাজভবনে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে শিল্পীগণ দোল এবং হোলির গান পরিবেশন করেন। বিভিন্ন সংগঠনের প্রতিনিধিগণ রাজভবনে এসে রাজ্যপালকে হোলির শুভেচ্ছা জানান এবং এই উৎসবে সামিল হন। বিভিন্ন সংগঠন, আধিকারিক ও কর্মীদের সঙ্গে মতবিনিময়ের সময় রাজ্যপাল তাদের হোলির শুভেচ্ছা জানান। রাজ্যপাল রাজ্যবাসীকেও হোলি উৎসবের আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করেন।

****************************

**Holi-Unakoti :**

পরম্পরাগত ভাবধারায় ঊনকোটি জেলা সদর কৈলাশহরেও আজ দোল ও হোলি উৎসব পালিত হয়।

এদিকে সামাজিক সংস্থা "বি ফিট এন্ড ফিট আদারর্স" পক্ষ থেকে আজ কৈলাশহর কলেজ স্টেডিয়ামে হোলি পালন করা হয়। সংগঠনের উদ্দোগে হোলি উপলক্ষে এক শোভাযাত্রা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

******************************

**Holi-Gomati :**

গোমতী জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তর, রাজনগর পঞ্চায়েত ও উদয়পুর সাংস্কৃতিক মঞ্চের যৌথ উদ্যোগে আজ উদয়পুরে দোল উৎসব অনুষ্ঠিত হয়। উদয়পুর রাজনগরস্থিত ভুবনেশ্বরী মন্দির প্রাঙ্গনে আয়োজিত এই অনুষ্ঠানের  সূচনা করেন গোমতী জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ-অধিকর্তা মনোজ দেববর্মা।

******************************

**Holi-South :**

হরিভক্তি প্রচারনা সভার উদ্যোগে আজ বাইখোড়ায় চৈতন্য মহাপ্রভুর আবির্ভাব দিবস উদযাপন করা হয়। এ উপলক্ষ্যে একটি বর্নাঢ্য শোভাযাত্রা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। তাছাড়া বাইখোড়া ইসকন মন্দিরেও হোলি উৎসব উদযাপন করা হয়।

*****************************

**Dol utsab :**

তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ আগরতলার টাউন হলে অনুষ্ঠিত হলো রাজ্যভিত্তিক দোল উৎসব। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা পর্যটন নিগমের ম্যানেজিং ডাইরেক্টর তপন কুমার দাস, তথ্য সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য, বিশিষ্ট সঙ্গীত শিল্পী ঝর্ণা দেববর্মন। অনুষ্ঠানে উপস্থিত অতিথিরা দোল উৎসবের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিভিন্ন সাংস্কৃতিক প্রতিষ্ঠানের শিল্পীরা নৃত্য ও সঙ্গীত পরিবেশন করে।

*****************************

**Agriculture :**

কৃষি অধিকর্তা সরবিন্দু দাস আজ জানিয়েছেন, সাম্প্রতিক ঝড়ে গন্ডাতুইসা, বিলোনীয়া, উদয়পুর, তেলিয়ামুড়া, খোয়াই সহ বিভিন্ন এলাকায় কৃষির ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। আগামীকালের মধ্যে ক্ষয়ক্ষতি নিরুপনের কাজ শেষ হবে বলে তিনি জানিয়েছেন।

*******************************

**Affected area Visit by MLA :**

বিধায়ক দীপংকর সেন ও সিপিআইএম বিলোনিয়া মহকুমা সম্পাদক তাপস দত্ত আজ সাম্প্রতিক ঝড়বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত বিলোনিয়া মহকুমার বিভিন্ন এলাকা পরিদর্শন করেন। তারা বিলোনিয়ার মান্দারিয়া, পূর্ব তৈছামা, চিত্তামারা, পশ্চিম পাইখোলা বাজার এলাকায় ক্ষতিগ্রস্থ লোকজনের সঙ্গে কথা বলেন। ক্ষতিগ্রস্তদের অবিলম্বে প্রয়োজনীয় সহায়তা দেবার জন্যে মহকুমা

শাসকের কাছেও অনুরোধ জানানো হবে বলে বিধায়ক শ্রী সেন জানান।

*************************

**Belonia Senior Cricket :**

বিলোনিয়া মহকুমা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত সিনিয়র ডাবল লীগ কাম নক আউট ক্রিকেট টুর্নামেন্টের আজকের ম্যাচে নিউ স্টার ক্লাব দক্ষিণ ভারতচন্দ্র নগরকে ৩ উইকেটে পরাজিত করেছে।

************************

**T-20 Cricket Tournament at Baikhora :**

শান্তিরবাজার মহকুমা ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে আজ বাইখোড়া মাঠে সিনিয়র টি-২০ ক্রিকেটের দুইটি ম্যাচ অনুষ্ঠিত হয়। প্রথম ম্যাচে রেক্স ক্লাব ১০০ রানের ব্যবধানে মুহুরীপুর জন কল্যান সমিতিকে পরাজিত করে। দ্বিতীয় ম্যাচে কসমোপলিটান ক্লাব ২১ রানে ব্রু সংগ্রামা মথাকে পরাজিত করে।

*****************************

**Weather :**

আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় ত্রিশ থেকে চল্লিশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। তাপমাত্রা সর্বোচ্চ তেত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন কুড়ি ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল তেত্রিশ

দশমিক চার ডিগ্রী এবং সর্বনিম্ন একুশ দশমিক তিন ডিগ্রী সেলসিয়াস।

*************************** 